

2 0 1 6

ELECTIVE BENGALI

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

- ১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০
- (ক) মধ্যযুগের বাংলা সাহিত্যে রামায়ণের শ্রেষ্ঠ অনুবাদকের নাম কী ?
- (খ) কাশীরাম দাস কোন্ গ্রামে জন্মগ্রহণ করেন ?
- (গ) নারায়ণ দেব কোন্ কাব্যধারার কবি ?
- (ঘ) মুকুন্দ চক্রবর্তীর কাব্যটি কী নামে পরিচিত ?
- (ঙ) চট্টগ্রামে দ্বিজ মাধবের গ্রন্থটি কী নামে পরিচিত ?
- (চ) রোসাঙ্ রাজসভার কবিদের মধ্যে যে কোনো একজনের নাম লেখো ।
- (ছ) কত খ্রিস্টাব্দে মহাপ্রভু শ্রীচৈতন্যদেবের জন্ম হয়েছিল ?
- (জ) বৃন্দাবন দাস রচিত কাব্যগ্রন্থটির নাম কী ?
- (ঝ) সাধক কমলাকান্ত কোন্ ধারার কাব্য রচনা করেছেন ?
- (ঞ) রামপ্রসাদ সেনের জন্ম কোথায় হয়েছিল ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

- (ক) নারায়ণ দেবের কাব্য কোন্ কোন্ অঞ্চলে বিশেষ জনপ্রিয়তা অর্জন করেছিল ?
- (খ) ষড়্ গোস্বামীর মধ্যে যে কোনো দুজন গোস্বামীর নাম লেখো।
- (গ) চর্যাপদের দুজন পদকর্তার নাম লেখো।
- (ঘ) বাংলায় রচিত দুটি চৈতন্য-জীবনীগ্রন্থের নাম উল্লেখ করো।
- (ঙ) কাশীরাম দাস ব্যতীত দুজন মহাভারতের অনুবাদকের নাম লেখো।

৩। টীকা লেখো (যে কোনো চারটি) : ৫×৪=২০

‘শ্রীকৃষ্ণকীর্তন’-এর কবি-পরিচয়; বিদ্যাপতি; হোসেন শাহ; শূন্যপুরাণ; গোরক্ষবিজয় কাব্য; কেতকাদাস ক্ষেমানন্দ।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর দাও (যে কোনো চারটি) : ১০×৪=৪০

- (ক) মধ্যযুগের বাংলা সাহিত্যে মহাভারতের শ্রেষ্ঠ অনুবাদক কাশীরাম দাসের কাব্য ও কবি-প্রতিভা সম্পর্কে আলোচনা করো।
- (খ) ‘মনসামঙ্গল’-এর কাব্যধারায় তোমার পঠিত একজন কবির কাব্য ও কবি-কৃতিত্বের পরিচয় দাও।
- (গ) কবি কৃষ্ণদাস কবিরাজের গ্রন্থ ও তাঁর অসাধারণ কবি-কৃতিত্বের পরিচয় দাও।

- (ঘ) দৌলত কাজির কাব্য ও কবি-প্রতিভা সম্পর্কে বিস্তারিতভাবে আলোচনা করো।
- (ঙ) “মহাপ্রভু শ্রীচৈতন্যদেবের আবির্ভাবের ফলে বৈষ্ণব পদাবলি সাহিত্য নতুন মহিমায় উদ্ভাসিত হয়ে উঠল।” উক্তিটির আলোকে ষোড়শ শতকের বৈষ্ণব পদাবলি সাহিত্যে মহাপ্রভু শ্রীচৈতন্যদেবের প্রভাব সম্পর্কে আলোচনা করো।
- (চ) ‘মনসামঙ্গল’ কাব্যের কাহিনি সংক্ষেপে আলোচনা করে এই কাব্যধারার কয়েকজন কবির কাব্যগ্রন্থের নাম উল্লেখ করো।
- (ছ) কবি রামপ্রসাদ সেনের কাব্য ও কবি-প্রতিভা সম্পর্কে বিস্তারিতভাবে আলোচনা করো।
- (জ) দ্বিজ মাধবের কবি-প্রতিভা ও কাব্য সম্পর্কে আলোচনা করো।
